

রাজধানীর স্কুলে ভর্তি ফরম বিক্রি শুরু

■ বিশেষ প্রতিনিধি
রাজধানীর স্কুলগুলোতে আগামী ২০১৪ শিক্ষাবর্ষে প্রথম শ্রেণীতে ভর্তির আবেদনপত্র বিক্রি শুরু হয়েছে। ভর্তি ফরমের মূল্য এবার সরকার নির্ধারিত ২০০ টাকা। প্রথম শ্রেণীতে এবারও নটারির মাধ্যমে শিক্ষার্থী ভর্তি করা হবে। তবে দ্বিতীয় শ্রেণী থেকে নবম শ্রেণী পর্যন্ত ভর্তি পরীক্ষা হবে।

তিকাঙ্গননিসা নূন স্কুল অ্যান্ড কলেজে রোববার প্রথম শ্রেণীর ফরম বিক্রি শুরু হয়েছে। চলবে ১৪ নভেম্বর বৃহস্পতিবার পর্যন্ত। এবার এ স্কুলের বেইলি রোড, আজিমপুর, মানমতি ও বসুন্ধরা-এ চারটি শাখায় এক হাজার ৫৫৫ ছাত্রী প্রথম শ্রেণীতে ভর্তি হতে পারবে। তবে কর্তৃপক্ষের সিদ্ধান্তক্রমে এ আসন সংখ্যা বাড়তে বা কমেতে পারে। ডিসেম্বরের তৃতীয় সপ্তাহে এ বিদ্যালয়ে ভর্তি নটারি হওয়ার কথা। অন্যদিকে, মতিঝিল আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজে ২০১৪ শিক্ষাবর্ষে প্রথম শ্রেণীতে ভর্তির ফরম আজ সোমবার বিক্রি শুরু হচ্ছে। চলবে ১৮ নভেম্বর পর্যন্ত। প্রতিদিন দুপুর দেড়টা থেকে বিকেল সাড়ে ৪টা পর্যন্ত ফরম বিক্রি করা হবে।

স্কুল কর্তৃপক্ষ জানায়, আইডিয়াল স্কুলের মতিঝিল ও বনশ্রী শাখার বাংলা ও ইংরেজি মাধ্যমে এবার বালক ও

বালিকা উভয়ই ভর্তি করা হবে। এ ছাড়া মতিঝিল মডেল হাইস্কুল অ্যান্ড কলেজের দুটি ক্যাম্পাসে প্রথম শ্রেণী থেকে নবম শ্রেণী পর্যন্ত এবার শিক্ষার্থী ভর্তি করা হবে। ফরম কাল মঙ্গলবার বিতরণ শুরু হবে। সকাল ৯টা থেকে দুপুর ৩টা পর্যন্ত যে ক্যাম্পাসে ভর্তি হতে ইচ্ছুক, সেই ক্যাম্পাস থেকেই ফরম সংগ্রহ করতে হবে।